



ত্রয়োদশ সংসদ নির্বাচনে ৩০০ আসনে একযোগে ভোট: প্রেস সচিব



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ ৩০০ আসনে একযোগে হবে। পাবনা-১ ও ২ আসনের ভোট ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে। প্রেস সচিব শফিকুল আলম জানিয়েছেন, আজ মধ্যরাত থেকে ব্যালট পেপার ছাপা শুরু হচ্ছে।

ঢাকার ফরেন সার্ভিস একাডেমিতে বুধবার দুপুরে ব্রিফিংয়ে তিনি জানান, এবারের নির্বাচনে ৬ কোটি ৪৮ লাখ পুরুষ ভোটার ও ৬ কোটি ২৮ লাখ নারী ভোটার অংশগ্রহণ করবেন। মোট ভোট কেন্দ্র ৪২ হাজার ৭৭৯টি এবং ভোট বুথ ২ লাখ ৪৭ হাজার ৪৯৯টি।

প্রেস সচিব আরও জানান, প্রতিটি কেন্দ্রে কমপক্ষে ১৫ জন আইনশৃঙ্খলা বাহিনী থাকবে, ঝুঁকিপূর্ণ কেন্দ্রে সংখ্যা ১৮-১৯ জন। প্রধান উপদেষ্টা নির্বাচন কমিশনকে সর্বাঙ্গিক সহায়তা দেওয়ার নির্দেশ দিয়েছেন এবং ভোটের সময় বিদ্যৎ অব্যাহত রাখতে নির্দেশ দিয়েছেন।

LENS ASIA